# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৪৫

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ নিয়ত বিশুদ্ধ রেখে সুন্দর আওয়াজে অনুরণিত করে কুরআন পাঠ করা বৈধ আছে

ذِكْرُ الْإِبَاحَةِ لِلْمَرْءِ أَنْ يُرَجِّعَ فِي قِرَاءَتِهِ إِذَا صَحَّتْ نِيَّتُهُ فِيهِ

আরবী

745 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنِ قُتَيْبَةَ قَالَ: حَدَّثَنَا نُوحُ بْنُ حَبِيبٍ قَالَ: حَدَّثَنَا وَكِيعٌ قَالَ: حَدَّثَنَا شُعْبَةُ عَنْ مُعَاوِيَةَ بْنِ قُرَّةَ أَنَّهُ سَمِعَ عَبْدَ اللَّهِ بْنَ الْمُغَفَّلِ يَقُولُ: قَرَأَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَامَ الْفَتْحِ فَرَجَّعَ فِي قِرَاءَتِهِ. قَالَ مُعَاوِيَةُ: لَوْلَا أَنِّي أَكْرَهُ أَنْ يَجْتَمِعَ النَّاسُ عَلَيَّ لَحَكَيْتُ قراءته.

الراوي : عَبْد اللَّهِ بْن الْمُغَفَّلِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 745 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৭৪৫. আব্দুল্লাহ বিন মুগাফ্ফাল রাদ্বিয়াল্লাহু তা‘আলা আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মক্কা বিজয়ের সময়ে কুর‘আন তেলাওয়াত করেছেন, তিনি সুন্দর আওয়াজে অনুরণিত করে কুরআন পাঠ করেছিলেন। মু‘আবিয়া (রা.) বলেন, “যদি আমার কাছে লোক জমা হয়ে যাওয়ার আশংকা না থাকতো তবে অবশ্যই তাঁর কিরা‘আত নকল করে দেখিয়ে দিতাম।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৫/৫৪; সহীহ মুসলিম: ৭৯৪; আত তায়ালিসী: ২/৩; সহীহ আল বুখারী: ৪২৮১; আবু দাউদ: ১৪৬৭; সুনান বাইহাকী: ২/৫৩; বাগাবী, শারহুস সুন্নাহ: ১২১৫।

আল্লামা শু‘আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাঊদ: ১৩১৯।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু মুগাফফাল (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89248

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন